



নির্বাচনী পরিবেশ এখনও অনুকূল নয়: জামায়াত সেক্রেটারি জেনারেল



সংগৃহীত ছবি

নির্বাচনের পরিবেশ নিয়ে এখনও ‘লেভেল প্লেয়িং ফিল্ড’ তৈরি হয়নি বলে মন্তব্য করেছেন জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। সোমবার (৭ জুলাই) সকালে সোহরাওয়ার্দী উদ্যান পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এই মন্তব্য করেন।

এই উদ্যানেই ১৯ জুলাই জাতীয় সমাবেশের আয়োজন করেছে দলটি। সমাবেশের লক্ষ্য নিয়ে গোলাম পরওয়ার জানান, নির্বাচনের আগে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ পরিবেশ নিশ্চিত করার দাবিতে সাত দফা উপস্থাপন করা হবে। এছাড়া, চলতি মাসেই ‘জুলাই সনদ’ ঘোষণার প্রস্তুতির কথাও জানান তিনি।

ভোট পেছানোর বিষয়ে কোনো অবস্থান নেয়নি জামায়াত— উল্লেখ করে তিনি বলেন, “আমরা শুধু নির্বাচনপূর্ব প্রয়োজনীয় সংস্কারের ওপর গুরুত্ব দিয়েছি।”

গোলাম পরওয়ার আশা প্রকাশ করেন, অন্তর্বর্তীকালীন সরকার এবং আইনশৃঙ্খলা বাহিনী জাতীয় এই জনসভা সফল করতে যথাযথ সহায়তা করবে।

LENS ASIA